



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এমপিও শাখা-১১  
এফ-৪/বি, আগারগাঁও ঢাকা।

ওয়েব সাইট: [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd).

ফোনঃ ০২২২২২৪৩০৩৬, ই-মেইলঃ [dtempo16@gmail.com](mailto:dtempo16@gmail.com)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০২৮.১১.০০২.১৯.২৫- ১৫৭

তারিখ: ০৯/০৪/২০২৬ খ্রি.

বিষয়: রিট পিটিশন নং-১২৭৫৮/২০২৫ মামলার মহামান্য হাইকোর্টের গত ০১.০৯.২০২৫ খ্রি. তারিখের আদেশ মোতাবেক অধ্যক্ষ কর্তৃক গত ১৭.০২.২০২৫ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নাটোর জেলার সিংড়া উপজেলাধীন কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউটের ইন্সট্রাক্টর (কৃষি) জনাব মোঃ নাজিম উদ্দিনের এমপিওভুক্তির আদেশ প্রাপ্তির নিমিত্তে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১২৭৫৮/২০২৫ মামলা দায়ের করেন। উল্লেখ্য যে, মহামান্য হাইকোর্ট গত ০১.০৯.২০২৫ খ্রি. তারিখে রুল ইস্যু না করে অধ্যক্ষ কর্তৃক গত ১৭.০২.২০২৫ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদন ২ নং বিবাদী মহাপরিচালক কারিগরি শিক্ষা অধিদপ্তরকে নিষ্পত্তিকরণের আদেশ প্রদান করেছেন।

২। মোঃ নাজিম উদ্দিন (জন্ম তারিখ: ১৫/১০/১৯৮৩ ইং)। তিনি ইন্সট্রাক্টর (কৃষি) হিসেবে ১৪/১০/২০১৫ খ্রি. তারিখে কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট, সিংড়া, নাটোর এ যোগদান করেন। তার শিক্ষাগত যোগ্যতা 'বিএজি(এডুকেশন) এবং ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার (বাকাশিবো)' কিন্তু ২০১৩ সালের এমপিও নীতিমালা অনুসারে, এ পদের কাম্য শিক্ষাগত যোগ্যতা 'বিএসসি(এজি)। প্রার্থীর এমপিওভুক্তির আবেদনটি ২০১৩ সালের নীতিমালার আলোকে যাচাইপূর্বক পরবর্তী অনুমোদন সভায় নিষ্পত্তি করা হবে। বিষয়টি আপনার অবগতি এবং পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হল।

মোঃ নাজিম উদ্দিন  
ইন্সট্রাক্টর (কৃষি),  
কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট, সিংড়া, নাটোর।

*Shikhan*  
০২/০৪/২৬  
মোহাম্মদ সাইফুল হক খান  
সহকারী পরিচালক-১১  
(এমপিও শাখা)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০২৮.১১.০০২.১৯.২৫- ১৫৭

তারিখ: ০৯/০৪/২০২৬ খ্রি.

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। আইন শাখা।
- ২। অধ্যক্ষ, কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট, সিংড়া, নাটোর।
- ৩। সংরক্ষণ নথি।

১৪ আইন শাখা